

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫৯৮

১২/ याकां (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ১২/২১. মুটে মজুর সদাকাহ করতে পারে এবং অল্প পরিমাণ সদাকাহকারীকে দোষারোপ করা কঠোরভাবে নিষিদ্ধ।

الحمل أجرة يتصدق بها والنهي الشديد عن تنقيص المتصدق بقليل

## আরবী

حَدِيْثُ أَبِي مَسْعُودٍ قَالَ لَمَّا أُمِرْنَا بِالصَّدَقَةِ كُنَّا نَتَحَامَلُ فَجَاءَ أَبُو عَقِيلٍ بِنِصْف صَاعٍ وَجَاءَ إِنْسَانٌ بِأَكْثَرَ مِنْهُ فَقَالَ الْمُنَافِقُونَ إِنَّ اللهَ لَغَنِيٌّ عَنْ صَدَقَةِ هَذَا وَمَا فَعَلَ هَذَا الْآخَرُ وَجَاءَ إِنْسَانٌ بِأَكْثَرَ مِنْهُ فَقَالَ الْمُنَافِقُونَ إِنَّ اللهَ لَغَنِيٌّ عَنْ صَدَقَةِ هَذَا وَمَا فَعَلَ هَذَا الْآخَرُونَ إِلاَّ رِبًّاءً فَنَزَلَتْ (الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِعِينَ مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ وَالَّذِينَ لاَ يَجِدُونَ إِلاَّ جُهْدَهُمْ) الْآيَةَ

## বাংলা

৫৯৮. আবৃ মাস'উদ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, যখন আমাদের সাদাকা প্রদানের নির্দেশ দেয়া হল, তখন আমরা পারিশ্রমিকের বিনিময়ে বোঝা বহন করতাম। একদা আবৃ 'আকীল (রাযি.) অর্ধ সা' খেজুর (দান করার উদ্দেশে) নিয়ে আসলেন এবং অন্য এক ব্যক্তি ('আবদুর রহমান ইবনু 'আউফ) তার চেয়ে অধিক মালামাল (একই উদ্দেশে) নিয়ে উপস্থিত হলেন। (এগুলো দেখে) মুনাফিকরা সমালোচনা করতে লাগল, আল্লাহ এ ব্যক্তির সাদাকার মুখাপেক্ষী নন। আর দ্বিতীয় ব্যক্তি ['আবদুর রহমান ইবন 'আউফ (রাযি.)] শুধু মানুষ দেখানোর জন্য অধিক মালামাল দান করেছে। এ সময় এ আয়াতটি অবতীর্ণ হয়- 'মু'মিনদের মধ্যে যারা স্বতঃস্কূর্তভাবে সাদাকা দেয় এবং যারা নিজেদের পরিশ্রমলব্ধ বস্তু ছাড়া ব্যয় করার কিছুই পায় না, তাদেরকে যারা দোষারোপ করে ও ঠাটাবিদ্ধপ করে, আল্লাহ তাদের বিদ্ধপ করেন। তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি'- (সূরা বারাআত/তাওবা ৯ঃ ৭৯)।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৫: তাফসীর, অধ্যায় ৯, হাঃ ৪৬৬৮; মুসলিম, পর্ব ১২: যাকাত, অধ্যায় ২১, হাঃ ১০১৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=59086}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন